রুমা উপজেলা খাদ্যবান্ধব কমিটি এর সভার কার্যবিবরণী :

সভাপতি: মো: শামসুল আলম, উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি, উপজেলা খাদ্য বান্ধব কমিটি, রুমা, বান্দরবান পার্বত্য জেলা

সভার তারিখ : ১৮ এপ্রিল ২০২০, সকাল- ১০ ঘটিকা

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ

সভায় উপস্থিতির তালিকা- পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি দেশের বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। সভাপতি জানান, পল্লি অঞ্চলের দরিদ্র জনসাধারণকে স্বল্পমূল্যে খাদ্য সহায়তা প্রদান ও পুষ্টি নিশ্চিত করার উদ্দেশ্যে সরকারি বিতরণ ব্যবস্থায় খাদ্য বান্ধব কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এ কর্মসূচির আওতায় ইউনিয়ন পর্যায়ে হতদরিদ্র পরিবারকে শুভেচ্ছা মূল্যে খাদ্যশস্য বিতরণের উদ্যোগ নেয়া হয়েছে। এ উদ্দেশ্যে ২০১৬ সালে প্রণীত “ইউনিয়ন পর্যায়ে হতদরিদ্রদের জন্য সরকার নির্ধারিত মূল্যে কার্ডের মাধ্যমে খাদ্যশস্য বিতরণ নীতিমালা, ২০১৬” সংশোধন/পরিবর্তন করে কার্যক্রম আরও সুসংহত এবং সময়োপযোগী করার জন্য “খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা, ২০১৭” প্রণয়ন করা হয়েছে। অতঃপর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি গঠন:<br><br>ইতঃপূর্বে প্রতিটি ইউনিয়নের জন্য ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির বিভিন্ন কার্যপরিধি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে নীতিমালার আলোকে ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি নিম্নোক্ত কাজসমূহ সম্পাদন করেবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১। ওয়ার্ডভিত্তিক দারিদ্রের প্রকোপ, দুঃস্থতা ইত্যাদি বিবেচনায় উপকারভোগী পরিবার নির্বাচন এবং অনুমোদনের জন্য উপজেলা কমিটির নিকট উপস্থাপন;<br>২। খাদ্যশস্য বিতরণ কার্যক্রম পরিবীক্ষণ;<br>৩। ইউনিয়ন ডিজিটাল সেন্টারে তালিকা প্রকাশ; |
| ২ | উপকারভোগী পরিবার বাছাই:<br><br>উপকারভোগী তালিকা বাছাইয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। ইউনিয়ন পর্যায়ে বসবাসরত নিম্ন আয়ের দরিদ্র জনসাধারণের মধ্য থেকে হতদরিদ্র পরিবার সম্পর্কিত পরিসংখ্যান ব্যুরোর তথ্য এবং ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের উপজেলা দপ্তরে সংরক্ষিত ডিপি (ড্রিস্টেস প্রাইওরিটি) লিস্ট ইত্যাদি বিবেচনা করে সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক পরিবারকে নির্বাচন করে খাদ্যবান্ধব কর্মসূচিতে অন্তর্ভুক্ত করার বিষয়েও আলোচনা হয়। | আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে,-<br>**যাদেরকে অন্তর্ভুক্ত করা যাবে:**<br>১। গ্রামে বসবাসরত সবচেয়ে হতদরিদ্র পরিবার: ভূমিহীন, কৃষি শ্রমিক, দিনমজুর, উপর্জনে অক্ষম;<br>২। বিধবা/তালাকপ্রাপ্ত/স্বামী পরিত্যাক্তা/অস্বচ্ছল বয়স্ক নারী প্রধান পরিবার এবং যে সব দুঃস্থ পরিবারে শিশু বা প্রতিবন্ধি রয়েছে তারা।<br>**যাদেরকে অন্তর্ভুক্ত করা যাবে না:**<br>১। একই পরিবারের একাধিক ব্যক্তিকে তালিকাভুক্ত করা যাবে না;<br>২। ভিজিডি কর্মসূচির সুবিধাপ্রাপ্তদেরকে তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না |
| ৩ | পরিমাণ, মূল্য ও বিতরণ:<br><br>সরকার ঘোষিত শুভেচ্ছা মূল্যে পল্লি অঞ্চলে কর্মাভাবকালীন সপ্তাহের রবি থেকে বৃহস্পতিবার পর্যন্ত ০৫ দিনের মধ্যে যে কোন ২ বা ৩ দিন খাদ্যশস্য বিতরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে,-<br>১। নির্বাচিত প্রতিটি পরিবারকে মাসে ৩০ কেজি চাল সরকার নির্ধারিত মূল্যে সরবরাহ করা হবে।<br>২। প্রতিটি পরিবারকে ৩০ কেজি অপেক্ষা কম চাল প্রদান করলে ডিলার ব্যক্তিগতভাবে দায়ি থাকবেন।<br>৩। সরকার নির্ধারিত মূল্যে চাল বিক্রয় করতে হবে।<br>৪। রবি থেকে বৃহস্পতিবার পর্যন্ত ০৫ দিনের মধ্যে যে কোন ২ বা ৩ দিন খাদ্যশস্য বিতরণ করতে হবে। |

| | | |
|---|---|---|
| | | ৫। কোন ডিলার কখন চাল বিক্রয় করবেন তা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নির্ধারণ করে দিবেন।<br>৬। সরকারি কোষাগারে ট্রেজারি চালানে টাকা জমা করে ডিলার উপজেলার খাদ্য গুদাম হতে নির্ধারিত তারিখের খাদ্যশস্যের মান যাচাই ও ওজন বুঝে নিয়ে উত্তোলন করবেন এবং বিক্রয় শুরু করবেন।<br>৭। গুদাম হতে খাদ্যশস্য উত্তোলনের সাথে সাথে ডিলার এসএমএস করে ট্যাগ অফিসার ও ইউএনও কে অবহিত করবেন। |
| ৪ | ট্যাগ অফিসার নিয়োগ:<br><br>খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা- ২০১৭ এর আলোকে ট্যাগ অফিসার নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পূর্বে জনাব শেখর চৌধুরী, জনাব সুতিমল তঞ্চঙ্গ্যা, জনাব মংসিং অং মার্মা ও জনাব লিটন দাশগুপ্ত ট্যাগ অফিসার হিসেবে দায়িত্বরত ছিলেন মর্মে ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা খাদ্য গুদাম জানান। তিনি আরো জানান যে, জনাব শেখর চৌধুরী বর্তমানে পাইন্দু ইউনিয়ন থেকে বদলী হয়ে রুমা সদর ইউনিয়নে যোগদান করেছেন। তার পরিবর্তে জনাব নির্মল কান্তি দাশকে পাইন্দু ইউনিয়নে বদলী করা হয়েছে। | আলোচনান্তে নিম্নোক্ত ইউনিয়নের জন্য পার্শ্বেবর্ণিত কর্মকর্তাগণকে ট্যাগ অফিসার হিসেবে নিয়োগ করা হলো:<br>১। পাইন্দু ইউনিয়ন : জনাব মার্টিন বম<br>উপসহকারী কৃষি কর্মকর্তা, রুমা<br>মোবাইল নম্বর- ০১৫৫৬৭৪১৬৯৯<br>২। রুমা সদর ইউনিয়ন: জনাব সুতিমল তঞ্চঙ্গ্যা<br>উপসহকারী কৃষি কর্মকর্তা, রুমা<br>মোবাইল নম্বর- ০১৫৫৩০০৭৮৩৮<br>৩। রেমাক্রী প্রাংশা ইউনিয়ন : জনাব মংসিং অং মার্মা<br>উপসহকারী কৃষি কর্মকর্তা, রুমা<br>মোবাইল নম্বর- ০১৫৫৬৫৪৭৯৭১<br>৪। গালেংগ্যা ইউনিয়ন: জনাব চার্লিপ্রু মার্মা<br>উপসহকারী কৃষি কর্মকর্তা, রুমা<br>মোবাইল নম্বর- ০১৮২৩৭০১৬৪৪<br>ট্যাগ অফিসারগণ প্রচলিত নিয়মে তার দপ্তর হতে টিএ/ডিএ প্রাপ্য হবেন। |
| ৫ | ডিলারশিপ সংক্রান্ত:<br><br>খাদ্যবান্ধব নীতিমালা ও অঙ্গীকারনামার কোন শর্ত লংঘন করলে ডিলারশিপ বাতিল করা যাবে মর্মে উপজেলা খাদ্যগুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা জানান। তিনি আরো জানান যে, গালেংগ্যা ইউনিয়নের ডিলার জনাব রাজীব শিকদার, পিতা- সুধীর শিকদার খাদ্যবান্ধব কর্মসূচির চাল রুমা বাজারের মুদি ব্যবসায়ী মো: শাহনেওয়াজ এর নিকট বিক্রয় করে গত ১৩/০৪/২০২০ তারিখ বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক পরিচালিত ভ্রাম্যমান আদালতে দোষি সাব্যস্ত হয়ে বর্তমানে ১ মাসের কারাদন্ড ভোগ করছেন। জরুরী ভিত্তিতে উক্ত ইউনিয়নের জন্য একজন ডিলার নিয়োগ প্রয়োজন মর্মে তিনি জানান। | বিস্তারিত আলোচনান্তে জনাব রাজীব শিকদার, পিতা- সুধীর শিকদার এর ডিলারশিপ গত ১৩/০৪/২০২০ তারিখ থেকে বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়। গালেংগ্যা ইউনিয়নের জন্য নীতিমালার আলোকে বিজ্ঞপ্তি প্রদানের মাধ্যমে নতুন ডিলার নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটির সদস্য সচিব দ্রুততম সময়ের মধ্যে নতুন ডিলার নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রচারসহ যাবতীয় কার্য সম্পাদন করবেন। |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সরকার নির্ধারিত মূল্যে কার্ডের মাধ্যমে খাদ্যশস্য বিতরণ কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/৪/২০২০
(মো: শামসুল আলম)
পরিচিতি নম্বর- ১৬৮০৯
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
রুমা, বান্দরবান পার্বত্য জেলা
ফোন-০৩৬১-৯১০১৫

.........................................................
সদস্য-সচিব/সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি
রুমা, বান্দরবান পার্বত্য জেলা

স্মারক নং- ০৫.৪২.০৩৯১.০০১.১২.০৩৯.২০.২০৮ তারিখ: ৫ বৈশাখ ১৪২৭
১৮ এপ্রিল ২০২০

সদয় অবগতি/ অবগতি/ কার্যার্থে অনুলিপি:

১) জনাব বীর বাহাদুর উশৈসিং এমপি, মাননীয় মন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও প্রধান উপদেষ্টা, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, রুমা, বান্দরবান পার্বত্য জেলা
২) জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা
৩) জোন কমান্ডার, রুমা জোন, রুমা, বান্দরবান পার্বত্য জেলা
৪) জনাব উহ্লাচিং মার্মা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা খাদ্যবান্ধব কমিটি, রুমা, বান্দরবান পার্বত্য জেলা
৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলা
৬) অফিসার ইনচার্জ, রুমা থানা, রুমা, বান্দরবান পার্বত্য জেলা
৭) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলা
৮) চেয়ারম্যান (সকল), ................................ ইউনিয়ন পরিষদ, রুমা, বান্দরবান পার্বত্য জেলা

১৮/০৪/২০২০
(মো: শামসুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার ও
সভাপতি